এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ মুনাফিকরা ভেতরে এক আর বাইরে অন্য রকম হওয়ায় লোকজন তাদের বিশ্বাস করে না। বরং সন্দেহ ও ঘৃণার চোখে দেখে। সমাজের মানুষের নিকট তারা অপমানিত ও লাঞ্ছিত হয়ে জীবন টাকায় i আল্লাহ বলেন, "নিশ্চয়ই মুনাফিকরা জাহান্নামের সর্বনিম্ন স্তরে থাকবে।"

ক. আকাঈদ অর্থ কী? ১

খ. তাওহীদের বিশ্বাস জরুরী কেন? ২

গ. "মুনাফিকরা ভেতরে এক আর বাইরে অন্য রকম হওয়ায় লোকজন তাদের বিশ্বাস করে না"। ব্যাখ্যা কর। ৩

ঘ. "নিশ্চয়ই মুনাফিকরা জাহান্নামের সর্বনিম্ন স্তরে থাকবে"। কুরআন হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

২.▶ আল্লাহ তায়ালা যুগে যুগে অসংখ্য নবী-রাসূল দুনিয়ায় পাঠিয়েছেন। তাই ইসলামি জীবনাদর্শনে রিসালাতে বিশ্বাস স্থাপন করা অপরিহার্য। নবুয়তের ধারার সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবী ছিলেন আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা)।

ক. শিরক শব্দের অর্থ কী? ১

খ. ইমানের দিক কয়টি ও কী কী? ২

গ. "ইসলামী জীবন দর্শনে রিসরালাতে বিশ্বাস স্থাপন করা অপরিহার্য"। ব্যাখ্যা কর। ৩

ঘ. "নবুয়তের ধারার সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবী ছিলেন আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা)।" কুরআন-হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩.▶ শরিয়ত হলো ইসলামি জীবন পদ্ধতি। এটি আল্লাহ তায়ালা ও তাঁর রাসূলের আদেশ-নিষেধ দিক নির্দেশনার সমষ্টি। অতএব, শরিয়াতের প্রধান উৎস দুটি।

ক. সর্বপ্রথম কদরের রাতে গোটা কুরআন কোথা থেকে কোথায় অবতীর্ণ হয়? ১

খ. কখন কুরআন সংরক্ষণের প্রয়োজনীয়তা দেখা দেয় এবং কেন? ২

গ. "শরিয়ত হলো ইসলামি জীবন পদ্ধতি"। ব্যাখ্যা কর। ৩

ঘ. "শরিয়তের প্রধান উৎস দু'টি। বিশদ বিশ্লেষণ কর। ৪

৪.▶ হযরত আবু বকর (রা) এর শাসন সর্বকালের শাসকদের জন্য আদর্শ। মহানবী হযরত মুহাম্মদ (সা) এর ইন্তিকালের পর মুসলমান রাষ্ট্রে কতিয় সদস্য দেখা দেয়। কেউ কেউ মিথ্যা নবুয়তের দাবি করে, কতিপয় লোক যাকাত দিতে অস্বীকার করে, আবার কতিপয় ইসলাম ত্যাগ করে। হযরত আবু বকর (রা:) অত্যন্ত দৃঢ়তার সাথে এসব মোকাবিলা করেন, ইসলাম ও মুসলমানদের বিশৃঙ্খলা থেকে রক্ষা করেন।

ক. ইমাম বুখারি (রা) এর উপাধি কী? ১

খ. হযরত উমর (রা) এর ইসলাম গ্রহণের ঘটনাটি উল্লেখ কর। ২

গ. "হযরত আবু বকর (রা) এর শাসন সর্বকালের শাসকদের জন্য আদর্শ।" ব্যাখ্যা কর। ৩

ঘ. "হযরত আবু বকর (রা) অত্যন্ত দৃঢ়তার সাথে এসব মোকাবিলা করেন, ইসলাম ও মুসলমানদের বিশৃঙ্খলা থেকে রক্ষা করেন।" যথাযথভাবে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৫.▶ মারুফ অত্যন্ত খোদাভীরু। তাই তার আচরণ ও চালচলনে পাড়া-পড়শিরা কুমি। পাড়ার অন্য ছেলেদের চারিত্রিক অবস্থা তাকে খুবই ব্যথিত করে। সে কুরআন তিলাওয়াতের মাধ্যমে জানতে পারে যে, আল্লাহ তাআলা বলেছেন, "নিশ্চয়ই আল্লাহর নিকট সবচেয়ে সম্মানিত সেই ব্যক্তি যে তোমাদের মাঝে বেশি তাকওয়াবান।" -এ বাণী মারুফকে প্রভাবিত করে। সে অন্যদেরকেও বিষয়টি বুঝানোর চেষ্টা করে যে তোমরাও তাকওয়াবান হও। তা না হলে আল্লাহর অভিসম্পাত পড়বে এবং পরবর্তীতে জাহান্নাম অনিবার্য হবে।

ক. তাকওয়া শব্দের ব্যবহারিক অর্থ কী? ১

খ. তাকওয়াহীন জীজনের ক্ষতিকর দিক ব্যাখ্যা কর। ২

গ. পাড়ার অন্য ছেলেদের জন্য সিজান কিভাবে আদর্শ হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "নিশ্চয়ই আল্লাহর নিকট সবচেয়ে সম্মানিত সেই ব্যক্তি যে তোমাদের মাঝে বেশি তাকওয়াবান। "উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬.▶ ইমতিয়াজ এইচএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হওয়ার পর বাবাকে বলল, আমি বিশ্ববিখ্যাত মুসলিম চিকিসাবিজ্ঞানীদের মধ্যে যেনি শল্যচিকিৎসার দিশারি হিসেবে আজও আমাদের মাঝে স্মরণীয় হয়ে আছে এবং ইউনানিশাস্ত্রে যার অসাধারণ অবদান রয়েছে তার আদর্শ অনুকরণে একজন চিকিৎসাবিদ হতে চাই। তাই আমি মেডিক্যাল কলেজে ভর্তি হতে ইচ্ছুক।

ক. কিতাবুল মানসুরি গ্রন্থের রচয়িতা কে? ১

খ. ইসলাম জ্ঞান-বিজ্ঞান ও মানবকল্যাণের ধর্ম- কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. ইমতিয়াজ কাকে অনুসরণ করে চিকিৎসাবিজ্ঞানী হতে চায়? তাঁর অবদান উল্লেখ কর। ৩

ঘ. 'ইমতিয়াজের মেডিকেলে ভর্তির উদ্দেশ্যটি সত্যিই প্রশংসনীয়' - ইসলামের দৃষ্টিতে আলোচনা কর। ৪

৭.▶ আরিফা নিয়মিত নামায পড়ে এবং কখনো মিথ্যা কথা বলে না। আরিফার সুন্দর ও নির্মল চরিত্রের কারণে বিদ্যালয়ের শিক্ষক ও সহপাঠী সবার কাছে সে সমাদৃত এবং প্রশংসিত। মানবিকতা ও নৈতিকতার পরিপূর্ণ আদর্শ তার মধ্যে থাকার পূর্ণ মুমিন হিসেবে সৎ ও নৈতিক স্বভাব অনুশীলন করা তার জন্য সহজ হয়েছে। এর মাধ্যমে সে ইহকালে যেমন সুখ, শান্তি ও সম্মান অর্জন করেছে, তেমিন সচ্চরিত্রের প্রতিদান স্বরূপ পরকালে বেহেশত লাভ করতে পারবে। আরিফাকে দেখে বিদ্যালয়ের অনেকে চরিত্রবান ও পড়ুয়া হওয়ার প্রতিজ্ঞা করে।

ক. মানবীয় মৌলিক গুণ কোনটি? ১

খ. সচ্চরিত্র ব্যক্তিকে সবাই ভালোবাসে কেন? বুঝিয়ে লেখ। ২

গ. একটি আদর্শ সমাজ গঠনে আখলাকে হামিদাহ কতটুকু আবশ্যক এবং কিভাবে আলোকপাত কর। ৩

ঘ. "ইহকালীন সুখ, শান্তি ও সম্মান অর্জন সচ্চরিত্রের মাধ্যমেই সম্ভব" বাক্যটি ব্যাখ্যা কর। ৪

৮.▶ সামীর গণিতশাস্ত্রে মুসলিম মনীষীগণের অবদান সম্পর্কে জানতে চাইলে তার গণিত শিক্ষক বলেন, মধ্যযুগে মুসলিম মণীষীগণ গণিতশাস্ত্র আবিষ্কার, অগ্রগতি ও উন্নতির উৎকর্ষ সাধনে অবিস্মরণীয় অবদান রেখেছেন। তৎাদের মধ্যে আল-খাওয়ারেযমি, ইবনে হাইসাম, উমর খৈয়াম ও নাসির উদ্দিন তুসি এ শাস্তেরর প্রসিদ্ধ পণ্ডিত। তুমি তাঁদের জীবনী পড়ে ব্যাপক প্রেরণা লাভ করতে পার।

http://teachingbd.com

ক. কোন গ্রন্থের নামানুসারে ইউরোপীয়রা 'আল-জোবরা' শাস্ত্রের নামকরণ করতেন? ১
খ. কিতাবুল মানাযির গ্রন্থটি হাসান ইবনে হায়সামকে অমর করে রেখেছে কেন? ২
গ. আদনান গণিতশাস্ত্রে মুসলিম মণীষীগণের গ্রন্থ থেকে কী শিক্ষা গ্রহণ করতে পারে? ৩
ঘ. গণিতশাস্ত্রে মুসলিম মনীষীগণের অবদান বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ দেলোয়ার সাহেব জন ধনীলোক। তিনি যথারীতি সালাত আদায় করলেও যাকাত আদায় করেন না। তার ধারণা, যাকাত আদায় করলে সম্পদ কমে যাবে। একদিন মসজিদের ইমাম সাহেব বললেন, যাকাত প্রদানে সম্পদ কমে না। বরং সম্পদ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এছাড়া যাকাত ধনী ও গরিবের মাঝে বন্ধনকে সুদৃঢ় করে।
ক. যাকাত কততম রুকন? ১
খ. যাকাত কাকে বলে? ২
গ. যাকাত সম্পর্কে দেলোয়ার সাহেবের মনোভাব ইসলামি শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "যাকাত ধনী ও গরিবের মাজে সম্প্রীতির বন্ধন সুদৃঢ় করে" - ইমাম সাহেবের উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**১০.** ▶ মুহাইমিন একজন মুসলিম। কিন্তু বাহ্যিক দৃষ্টিতে তার মধ্যে ইসলামের নিদের্শনাবলি অনুপস্থিত। দুনিয়ার বিষয়ে তিনি খুব সচেতন অথচ পরকাল সম্পর্কে তার কোনো অনুভূতিই নেই। মিথ্যা বলা, খিয়ানত করা, ওয়াদা ভঙ্গ করা তার কাছে কোনো ব্যাপারই না। মসুজিদের ইমাম সাহেব তার সম্পর্কে অবহিত হয়ে প্রকৃত ইমানের গুরুত্ব তুলে দরে তাকে বলেন -এ পৃথিবীর 'সবকিচুই ধ্বংসাশীল, পরকালের সফলতার জন্য দুনিয়া হচ্ছে কর্মক্ষেত্র।" সুতরাং পরিপূর্ণ মুসলিম হয়েই চলতে হবে।
ক. নিফাক শব্দের অর্থ কী? ১
খ. মুনাফিক কাকে বলে? লিখ। ২
গ. মুহাইমিনের আচরণ ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'এ পৃথিবীর সবকিছুই ধ্বংসশীল, পরকালের সফলতার জন্য দুনিয়া কর্মক্ষেত্র; মুহাইমিনের সংশোধনে উক্তিটি যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**১১.** ▶ মুহসিনের এক সহপাঠী তখন আল-কুরআন অবতরণ সম্পর্কে প্রশ্ন করে। মুহসিন বলে আল-কুরআন সময় ও প্রয়োজনে প্রেক্ষিতে খন্ড খন্ডভাবে অবতীর্ণ হয়। তাকরিম আবার প্রশ্ন করে তাহলে রদবদল হয় নি? জবাবে মুহসিন বলে, আল-কুরআন সংকলনের ইতিহাস পর্যালোচনা করলে বোঝায় যায়, এতে কোনো রদবদল হয় নি।
ক. কোন যুদ্ধে বহুসংখ্যক হাফিজ সাহাবি শাহাদাতবরণ করেন? ১
খ. 'জামিউল কুরআন' বলতে কী বোঝায়? ২
গ. কুরআন অবিকলভাবে সংকলনের পক্ষে মুহসিনের বক্তব্য কতটুকু সঠিকভাবে হয়েছে? তোমার মতামত ব্যক্ত কর। ৩
ঘ. মুহসিনের বক্তব্য অনুসারে আল-কুরআনের সংকলনের ইতিহাস পর্যালোচনা কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. আকাইদ শব্দের এক বচন কী?**
ⓚ আকদুন ⓚ আকিদাতুন
ⓖ উকুদুন ⓖ আকামাতুন

**২. মানুষের সকল কাজ কর্মের দিক নির্দেশনা রয়েছে—**
ক) ইসলামে খ) শরিয়তে
গ) ইজমায় ঘ) কিয়াসে

**৩. ইমানের মূল বিষয় কয়টি?**
ক) ৫টি খ) ৬টি
গ) ৭টি ঘ) ৮টি

**৪. নিঃসন্দেহে মুনাফিকরা—**
ক) উপকারী খ) মিথ্যাবাদী
গ) সাহায্যকারী ঘ) গিবতকারী

**৫. 'কোন কিছুই তাঁর সদৃশ নয়' কোন সূরার অংশ?**
ক) সুরা বাকারা খ) সুরা নিসা
গ) সুরা ইমরান ঘ) সুরা শুরা

**৬. কোন শব্দের কোন স্ত্রী লিঙ্গ যা পুং লিঙ্গ নেই?**
ক) মালাইকাতুন খ) আল্লাহ
গ) সাহাবাতুন ঘ) রাসুলুন

**৭. আলিউ শব্দের অর্থ কী?**
ক) প্রবল খ) সর্বশ্রোতা
গ) মহান ঘ) মহারক্ষক

**৮. রুকন শব্দের অর্থ কী?**
i. অস্বীকার করা
ii. গালি দেওয়া
iii. গোপন করা

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. নবী রাসুলগণ ছিলেন—**
i. জ্ঞানী
ii. বিচক্ষণ iii. সুবিবেচক

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১০নং ও ১১নং প্রশ্নের উত্তর দাও:**

সুমাইয়া পরকালের একটি স্তর সম্পর্কে জানল, যেটি প্রত্যেক মানুষেরই অতিক্রম করতে হবে। এটি জাহান্নামের উপর স্থাপন করা হবে। এটি পার না হয়ে কেউ জান্নাতে প্রবেশ করতে পারবে না।

**১০. সুমাইয়া পরকালের কোন স্তরটি সম্পর্কে জানল?**
ক) কবর খ) মিযান
গ) সিরাত ঘ) হাশর

**১১. উক্ত স্তরটি সহজে অতিক্রম করার উপায় কী?**
ক) প্রকৃত ইমানদার হওয়া
খ) মাজারে সঠিকভাবে যাওয়া
গ) পীরকে সিজদা করা
ঘ) গায়রুল্লাহর নামে মানত করা

**১২. আল কুরআনের কয়টি আয়াত সর্বপ্রথম নাজিল হয়?**
ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৭টি

**১৩. ইয়ামামার যুদ্ধে কার খিলাফতের সময় হয়েছিল?**
ক) হযরত আবু বকর (রা.) এর
খ) হযরত উমর (রা.) এর
গ) হযরত উসমান (রা.) এর
ঘ) হযরত আলী (রা.) এর

**১৪. মাদানি সূরার বৈশিষ্ট্য কয়টি?**
ক) ৮টি খ) ৯টি
গ) ১০টি ঘ) ১১টি

**১৫. নাযিরা তিলাওয়াত হল—**
ক) কুরআন দেখে পড়া
খ) কুরআন মুখস্ত পড়া
গ) কুরআন নামাজে পড়া
ঘ) কুরআন তাফসীর করে পড়া

**১৬. সুরা আল ইনশিরাহ পবিত্র কুরআনের কত নং আয়াত?**
ক) ৯০ নং খ) ৯২ নং
গ) ৯৪ নং ঘ) ১০১ নং

**১৭. হিজরি কোন শতক হাদিস সংকলনের স্বর্ণযোগ?**
ক) ১ম শতক খ) ২য় শতক
গ) ৩য় শতক ঘ) ৪র্থ শতক

Teachingbd.com
http://teachingbd.com

১৮. মুস্তাহাব কে বলা হয়—
i. নফল
ii. মানদুব
iii. মুবাহ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নে উত্তর দাও:
সাজিদ পবিত্র কুরআনের একটি সুরার শিক্ষা অবলম্বন করে ভিক্ষুককে ধমক দেয় না বরং নিজের অর্থের শুকরিয়া আদায় করেন।

১৯. কোন সূরার শিক্ষায় সাজিদ প্রভাবিত?
ⓚ সুরা শামস
ⓦ আদ্ দোহা
ⓖ সুরা ইন শিরাহ ⓘ সুরা মাউন

২০. উক্ত সূরায় মহান আল্লাহ মহানবীকে যে নিয়ামতের কথা স্মরণ করিয়ে দেয়—
i. পরকালীন জীবনের নিয়ামত
ii. মক্কা জীবনের নিয়ামত
iii. তায়েফের নিয়ামত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২১. মানুষ ইবাদতে আগ্রহ হারিয়ে ফেলে কী করলে?
ⓚ গিবত করলে
ⓦ হারাম খাদ্য গ্রহণ করলে
ⓖ মাদকদ্রব্য গ্রহণ করলে
ⓘ সুদ গ্রহণ করলে

২২. মানুষকে আল্লাহর নৈকট্য অর্জনে সহায়তা করে—
ⓚ সালাত ⓦ সাওম
ⓖ যাকাত ⓘ সাদাকাত

২৩. সকল নবি-রাসুলের উম্মতের ওপর ফরজ ছিল—
ⓚ সালাত ⓦ সাওম
ⓖ যাকাত ⓘ হজ

২৪. সাওম ঢাল স্বরূপ কোন হাদিসে আছে?
i. বুখারি
ii. নাসায়ী
iii. মুসলিম
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৫. মৌলিক ফরজ কাজ হলো—
ⓚ আমানত দাবি ⓦ ওয়াদা পালন
ⓖ সাওম পালন ⓘ হজ পালন

২৬. 'যাকাত হল ইসলামের সেতু বন্ধন' উক্তিটি আছে—
ⓚ বুখারি শরীফে ⓦ মুসলিম শরীফে
ⓖ তিরমিযি শরীফে ⓘ বায়হাকিতে

২৭. সন্ত্রাসবাদের আরবি প্রতিশব্দ কী?
ⓚ জিহাদুন ⓦ আল ইরহাব
ⓖ আল ইলমু ⓘ নাযাফাতু

২৮. জিহাদ কত প্রকার?
ⓚ দুই প্রকার ⓦ তিন প্রকার
ⓖ চার প্রকার ⓘ পাঁচ প্রকার

নিচের উদ্দীপকটি পড়ে ২৯নং ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:
জনাব বারেক তিনি অনেক শিল্পকারখানার মালিক। কিন্তু তিনি কর্তব্যরত শ্রমিকদের প্রতি মাসে বেতন প্রদান করতে বিলম্ব করেন।

২৯. জনাব বারেক এর কাজে কার বাণী অনুসরণ লজ্ঘিত হয়েছে?
ⓚ আল্লাহর
ⓦ রাসুল (সা.) এর
ⓖ হযরত আবু বকর (রা.)
ⓘ হযরত আলী (রা.)

৩০. জনাব বারেকের কাজের ফলে সৃষ্টি হয়—
i. শ্রমিক ঐক্য
ii. শ্রমিকের অসন্তোষ
iii. সামাজিক বিশৃঙ্খলা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com